

‘শিশুদের সুস্থ মানসিক বিকাশে অভিভাবকের ভূমিকা’ শীর্ষক সেমিনার এবং শিক্ষা উপকরণ বিতরণ অনুষ্ঠিত



৩০ সেপ্টেম্বর-২০১৮, সকাল ১১টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগের উদ্যোগে Advance Teaching-Learning in Phychology (ATLP-HEQEP CPSF 292) এর আয়োজনে পোগোজ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের অডিটোরিয়ামে “শিশুদের সুস্থ মানসিক বিকাশে অভিভাবকের ভূমিকা” শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ও হেকেপ সাব-প্রজেক্ট ম্যানেজার অধ্যাপক ড. আশোক কুমার সাহা এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন ও পোগোজ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক জনাব মনির হোসেন।

এছাড়াও স্বাগত বক্তব্য রাখেন মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক ও জবি প্রক্টর ড. নুর মোহাম্মদ। সেমিনার শেষে প্রধান অতিথি ও বিশেষ অতিথিবৃন্দ শিশুশ্রেণি ও প্রথম শ্রেণির ছাত্র-ছাত্রীদের মধ্যে শিক্ষা উপকরণ বিতরণ করেন। এসময় সেমিনারে পোগোজ ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজের ছাত্র-ছাত্রী, অভিভাবক, শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।